AQA

Please write clearly in block capitals.

Centre number | | | | | |

Candidate number | | | | |

Surname ______________________________

Forename(s) ______________________________

Candidate signature ______________________________
I declare this is my own work.

# GCSE
# BENGALI

## H

Higher Tier   Paper 3 Reading

Time allowed: 1 hour

**Materials**
You will need no other materials.

**Instructions**
- You must **not** use a dictionary.
- Use black ink or black ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Answer **all** questions.
- You must answer the questions in the spaces provided. Do **not** write outside the box around each page or on blank pages.
- If you need extra space for your answer(s), use the lined pages at the end of this book. Write the question number against your answer(s).
- In **Section A**, answer the questions in **English**.
  In **Section B**, answer the questions in **Bengali**.
  In **Section C**, translate the passage into **English**.
- Do all rough work in this answer book. Cross through any work you do not want to be marked.

**Information**
- The marks for questions are shown in brackets.
- The maximum mark for this paper is 60.

| For Examiner's Use | |
|---|---|
| Question | Mark |
| 1 | |
| 2 | |
| 3 | |
| 4 | |
| 5 | |
| 6 | |
| 7 | |
| 8 | |
| 9 | |
| 10 | |
| 11 | |
| 12 | |
| **TOTAL** | |

Do not write outside the box

## Section A

Questions and answers in **English**.

Answer **all** questions in the spaces provided.

**0 1** **Relationships**

Read this extract from Sharat Chandra Chatterjee's *Ramer Sumati*.

রামলাল অল্পবয়সী হলেও তার দুষ্টবুদ্ধির জোরে গ্রামের লোকজন তাকে ভয় করতো। তার সৎ বড়োভাই শ্যামলাল শান্ত প্রকৃতির না হলেও গ্রামের সবাই তাকে শ্রদ্ধা করতো। তিনি গ্রামের জমিদারের জমিজমা দেখাশুনা করতেন।

শ্যামলালের বউ নারায়ণী যখন এবাড়িতে বউ হয়ে আসেন তখন রামলালের বয়স ছিলো আড়াই বছর। গতবছর চারিদিকে খুব জ্বর হচ্ছিলো। নারায়ণীও জ্বরে পড়লেন। গ্রামের মধ্যে খানিকটা পাশ করা একমাত্র ডাক্তার নীলমণি সরকারের এক টাকার ভিজিট চার টাকায় চড়ে গেলো। তাঁর ভেজাল কুইনিনের পুরিয়া খেয়ে সাতদিনেও নারায়ণীর জ্বর ছাড়লো না। ডাক্তারকে ডাকা সত্ত্বেও তিনি এলেন না।

রামলাল তক্ষুণি নীলমণি ডাক্তারের বাড়িতে গিয়ে তাঁকে বললো, "বৌদির জ্বর সারে না কেন? ভালো ওষূধ নিয়ে এক্ষুণি এসো। তা নাহলে ঐ যে সামনে আমের চারা-বাগান করেছো ওর একটিও থাকবে না।"

Do not write outside the box

For each of the sentences below, write **T** (true), **F** (false) or **NM** (not mentioned).

**0 1 . 1** From an early age, Ramlal used to scare the villagers. **[1 mark]**

**0 1 . 2** Ramlal's stepbrother had a quiet nature. **[1 mark]**

**0 1 . 3** Shamlal was the Zamindar of the village. **[1 mark]**

**0 1 . 4** Ramlal was two and a half years old when Shamlal got married. **[1 mark]**

**0 1 . 5** Narayani suffered from the outbreak of fever in the village. **[1 mark]**

**0 1 . 6** Ramlal wanted the Doctor to treat Narayani for free. **[1 mark]**

**0 1 . 7** Ramlal threatened the Doctor because his medicine did not cure Narayani. **[1 mark]**

7

**Turn over for the next question**

Do not write outside the box

**0 2** **A day at school**

Read Nila's account of a recent day at school.

আজ সকালে স্কুলে পৌঁছতে বেশ দেরি হয়ে গেলো। গত রাতে ঘড়িতে এলার্ম দিতে একদম ভুলে গিয়েছিলাম। স্কুল অফিস থেকে লেইট স্লিপ নেওয়ার সময় একেবারে প্রধান শিক্ষকের সামনে পড়লাম। স্কুলে আসতে দেরি হলেও তাড়াহুড়ায় স্কুলের জুতা না পরে দৌড়ানোর জুতা পরে ফেলেছি। ভাবলাম, এরজন্যই হয়তো কড়া শাস্তি পেয়ে দিনের শুরু হবে! কিন্তু তিনি দেরিতে আসার কারণ জানতে চেয়ে আমাকে ক্লাশে যেতে নির্দেশ দিলেন।

প্রথম লেসন ছিলো ইংরেজির। আমার কোর্সওয়ার্ক দেখে শিক্ষিকা মোটেই খুশি হননি। তিনি আমাকে তক্ষুণি ক্লাশে বসে আরও বড়ো করে মতামত লিখতে বললেন। এতে ভীষণ বিরক্ত হলাম। রাত জেগে এতো কষ্ট করে লেখার পরেও শিক্ষিকা খুশি হননি বলে হতাশ হলাম।

বিরতির পরে গেলাম অঙ্কের লেসনে। এই বিষয়টি আমার একদমই ভালো লাগে না কারণ কঠিন বলে শিক্ষকের পড়ানো আমার মাথায় ঢোকে না। তাছাড়া এই ক্লাশে আমার কোনো বন্ধু নেই, যার কাছে আমি সাহায্য পেতে পারি।

বিকেলে ছিলো আমার সবচেয়ে প্রিয় খেলাধুলার লেসন। এই লেসনে নানান ধরনের খেলার কৌশল শেখাটা আমি খুব উপভোগ করি। তবে হকি শিখতে আমি বিশেষ আগ্রহী কারণ আগামী আন্তঃস্কুল প্রতিযোগিতায় অংশ নিতে চাই। দুর্ভাগ্যক্রমে, লেখাপড়ার অত্যধিক চাপের মুখে প্রতিযোগিতার প্রস্তুতি নেওয়া এখন সম্ভব হবে না।

নিলা

*Do not write outside the box*

Answer the questions in **English**.

**0 2 . 1** Why was Nila late for school?

**[1 mark]**

____________________________________________

**0 2 . 2** Why did Nila think the headteacher would punish her?

**[1 mark]**

____________________________________________

**0 2 . 3** How did Nila feel about having to change her English coursework? Give **one** detail.

**[1 mark]**

____________________________________________

**0 2 . 4** Why does Nila not like maths? Give **one** reason.

**[1 mark]**

____________________________________________

**0 2 . 5** Why might Nila **not** take part in the next hockey competition?

**[1 mark]**

____________________________________________

**5**

**Turn over for the next question**

Do not write outside the box

**0 3** **Current issues**

Read these Bengali teenagers' thoughts about current issues.

Bijoy

আজকাল অনেককেই মোবাইল ফোনে জোরে কথা বলতে বলতে রাস্তায় চলাচল করতে দেখা যায়। রাস্তা পারাপারে তারা ট্রাফিক লাইটের দিকে না তাকিয়ে রাস্তা পার হয় এবং চারপাশে কী ঘটছে তাও লক্ষ্য করে না। এর ফলে তারা নানান দুর্ঘটনার শিকার হয়। এমনকি অনেকে হাঁটাচলার সময় খাবারের টুকরা ও কাগজ অযথা রাস্তায় ফেলে পরিবেশকে নষ্ট করে। একজন দায়িত্বশীল নাগরিক হিসেবে পরিবেশের দিকে আমাদের সবারই সচেতন হওয়া উচিত।

Farida

সব গণপরিবহনে বয়স্ক লোকজনের বসার জন্য আলাদা জায়গা থাকে। প্রায়ই এসব জায়গায় কমবয়সী যাত্রীরা বসে পড়ে। বুড়া-বুড়িদের কষ্ট করে দাঁড়িয়ে থাকতে দেখলেও তারা আসন ছেড়ে দেয় না।

Shumi

অনেক বাবা-মা তাঁদের ছেলেমেয়েকে খুব শাসন করেন। ছোটোখাটো ভুলের জন্য তাদের শাস্তি দেন। এতে ছেলেমেয়েদের সাথে তাঁদের সম্পর্ক খারাপ হচ্ছে। তাছাড়া, বাবা-মায়ের অবহেলার কারণে কিছুকিছু ছাত্রছাত্রী স্কুলে না গিয়ে এখানে-সেখানে ঘুরে বেড়ায় এবং নানান অসামাজিক কাজে জড়িয়ে পড়ে।

*Do not write outside the box*

Match the following issues to the correct person.

Write the first letter of the correct name in each box.

Write:

**B** for **Bijoy**

**F** for **Farida**

**S** for **Shumi**

**0 3 . 1** Truancy ☐ **[1 mark]**

**0 3 . 2** Lack of environmental awareness ☐ **[1 mark]**

**0 3 . 3** Lack of respect for the elderly ☐ **[1 mark]**

**0 3 . 4** Conflicts between parents and children ☐ **[1 mark]**

**0 3 . 5** Negative impact of technology ☐ **[1 mark]**

**5**

**Turn over for the next question**

Do not write outside the box

## 0 4 Career choices

You read this article in a Bengali magazine in which a teenager has written about her search for a career.

বেশি অর্থ রোজগারের জন্য অত্যধিক কাজ করার ফলে লোকজনের সাথে আমাদের সামাজিকতা গড়ে ওঠে না। তাই যেসব কাজে নিজের খুশি ও তৃপ্তি মেলে সেসব কাজ করা আমাদের সবচেয়ে বেশি প্রয়োজন। তাছাড়া, যেসব কাজে চাকরী হারানোর ঝুঁকি কম থাকে সে ধরনের কাজ আমাদের বেছে নেওয়া ভালো। আমি মনে করি, আর্থিক স্বাধীনতা কিংবা চাকরীতে পদোন্নতি বিশেষ গুরুত্বপূর্ণ নয়। এমনকি অন্যদের সাথে যোগাযোগও যথেষ্ট নয়।

আমার বাবা-মার একটি দোকান ছিলো। তাঁরা চাইতেন যে আমি তাঁদের সাথে কাজ করি। তবে কাজটা আমার ভালো লাগেনি। তাই আমি বিকল্প শিক্ষার অংশ হিসেবে প্রশিক্ষণ নিচ্ছি। এর আগে একটা হাসপাতালে নার্সের কাজ করেছি। এই কাজটা খুব কষ্টের তাই এটা ছেড়ে আমি একটা অফিসে কাজ খুঁজেছি। আমার বিকল্প শিক্ষা শেষ হলে আমি বয়স্কদের জন্য চ্যারিটির কাজ করবো। আমার বাবা-মা প্রথমদিকে আমার কাজে খুশি না থাকলেও এখন তাঁরা কোনো চিন্তা করেন না বরং গর্ববোধ করেন।

শিলা

Write the correct letter in each box.

**0 4 . 1** What does Sheela think is the **most** important factor when choosing a job?

| | |
|---|---|
| **A** | Job satisfaction |
| **B** | Job promotion |
| **C** | Socialising |

☐

**[1 mark]**

**0 4 . 2** What else does Sheela consider important?

| | |
|---|---|
| **A** | Communication |
| **B** | Job security |
| **C** | Financial stability |

☐

**[1 mark]**

Do not write outside the box

**0 4 . 3** Where did Sheela work in the past?

| | |
|---|---|
| **A** | In a hospital |
| **B** | In a shop |
| **C** | In an office |

**[1 mark]**

**0 4 . 4** What is Sheela doing at the moment?

| | |
|---|---|
| **A** | Receiving training |
| **B** | Working for a charity |
| **C** | Working with the elderly |

**[1 mark]**

**0 4 . 5** What is the reaction of Sheela's parents now?

| | |
|---|---|
| **A** | They are unhappy. |
| **B** | They are worried. |
| **C** | They are proud. |

**[1 mark]**

**5**

**Turn over for the next question**

Do not write outside the box

**0 5** **Buying clothes**

Read this article from a Bengali website about buying clothes.

সম্প্রতি এক জরীপে দেখা গেছে যে তরুণীদের মধ্যে ফ্যাশন আর কেনাকাটার উৎসাহটা বেশি। ৯০% তরুণী মাসে অন্তত একবার বড়ো-বড়ো দোকানগুলোতে ঘুরে কাপড়-চোপড় আর সাজগোজের জিনিস কেনে। তবে আসল দামের কথাটা ওরা মা-বাবাদের কাছে লুকায়। ৭৬% তরুণী নতুন কেনা পোশাকের দাম আগেই ছিঁড়ে ফেলে। এর কারণ মা-বাবারা বেশি দাম শুনলে রাগ করতে পারেন।

অন্যদিকে ২২% মেয়েরা নতুন ফ্যাশনের পোশাক আর সুগন্ধী কিনে আলমারিতে রেখে দেয়। আবার ৪৮% মেয়েরা বলে যে ওগুলো সেইল থেকে কম দামে কেনা। তবে এও সত্যি যে স্বাবলম্বী মেয়েরা ফ্যাশনের ব্যাপারে মা-বাবাদের মতামত নিয়ে চিন্তিত নয়। বরং ওদের মধ্যে ৮০% মেয়েরাই মনে করে যে নিজেদের আকর্ষণীয় করে তোলার জন্য সাজগোজ বা কাপড়-চোপড় অত্যাবশ্যক নয়।

**Example:**

| | |
|---|---|
| **A** | **…go shopping at least once a month.** |
| B | …hide fashionable clothes and perfume in the wardrobe. |
| C | …cut off and hide the price tag on new outfits. |
| D | …pretend that new outfits were not full price but bought in a sale. |
| E | …do not care what their parents think of their shopping habits. |
| F | …say that feeling guilty spoils their shopping experience. |
| G | …think that make-up is not essential to look attractive. |

Complete the sentences by writing the correct letter in the boxes.

**Example:** **90% of young women...** [ **A** ]

**0 5 . 1** 80% of young women... [ ]

**[1 mark]**

**0 5 . 2** 76% of young women... [ ]

**[1 mark]**

**0 5 . 3** 48% of young women... [ ]

**[1 mark]**

**0 5 . 4** 22% of young women... [ ]

**[1 mark]**

4

Do not write outside the box

**0 6** **Family**

Read Tina's blog post, in which she talks about family relationships.

আমার এক বছরের ছোটো ভাই আরিফ। বন্ধুদের সাথে যখন যেখানে খুশি সে যেতে পারে। বাড়িতে তাকে কোনো কাজই করতে হয় না। তার নিজস্ব একটা রুম আছে যেখানে সে বিশ্রাম করে আর তার স্কুলের কাজ করতে পারে। বাবা-মা আমাদের দুজনকে সমান চোখে দেখেন না! তাঁদের এই আচরণে আমি দুঃখ পাই। আমার খারাপ লাগে ছোটোবোনের সাথে আমাকে রুম শেয়ার করতে হয় বলে। তবে আমার সবচেয়ে বড়ো বিরক্তির কারণ হলো, স্কুল থেকে ফিরে তার লেখাপড়ায় সাহায্য করতে হয়।

**টিনা**

Answer the questions in **English**.

**0 6 . 1** How does Tina feel about how her parents treat her brother?

**[1 mark]**

__________________________________________________________________

**0 6 . 2** How is Tina's brother treated? Give **one** detail.

**[1 mark]**

__________________________________________________________________

**0 6 . 3** What makes Tina most unhappy? Give **one** detail.

**[1 mark]**

__________________________________________________________________

3

**Turn over for the next question**

Do not write outside the box

0 7 **Questionnaire**

Your Bengali friend Rahul has filled in a questionnaire from a teen magazine.
What do you know about him from the answers he ticked?

ব্যক্তি হিসেবে তুমি কেমন?

**Example:** তুমি তোমার স্বপ্ন কীভাবে সত্যি করতে পারো?

| | |
|---|---|
| অন্য এক দেশে বাস করে | ✓ |
| প্রিয় ব্যক্তির সাথে সাক্ষাৎ করে | |
| বিখ্যাত হয়ে | |

**1** লটারি জিতলে তুমি সেই টাকা কীভাবে খরচ করবে?

| | |
|---|---|
| দেশ-বিদেশ ঘুরে | |
| গরিবদের জন্য দান করে | ✓ |
| নিজের জন্য জমিয়ে | |

**2** তোমার শোবার ঘরটি কেমন?

| | |
|---|---|
| এলোমেলো থাকে বলে দরকারে কিছুই খুঁজে পাই না। | ✓ |
| ঘরের সবকিছুই জায়গামতো গোছানো থাকে। | |
| ঘরের পাশে অদরকারি জিনিসপত্র রাখার আলাদা জায়গা আছে। | |

**3** আগামী পাঁচ বছরে নিজেকে তুমি কোথায় দেখতে চাও?

| | |
|---|---|
| একজন নামকরা ফুটবল খেলোয়াড় হিসেবে | ✓ |
| ছোটো ছেলেমেয়েদের শিক্ষক হিসেবে | |
| একজন/সফল ব্যবসায়ী হিসেবে | |

**4** পরীক্ষায় অকৃতকার্য হলে তুমি কী করবে?

| | |
|---|---|
| পরের বার সাধ্যমতো আরও বেশি পরিশ্রম করবো | ✓ |
| রেগে গিয়ে শিক্ষককে অসন্মান করবো | |
| নিজেকে অনেক অবহেলিত মনে করবো | |

Do not write outside the box

**Example:** According to the ticked answer, how do you know Rahul would like to travel?

His dream is to live in a different country.

Answer the questions in **English**.

**0 7 . 1** According to the ticked answer, how do you know Rahul is generous?

**[1 mark]**

______________________________________________

**0 7 . 2** According to the ticked answer, how do you know Rahul is untidy?

**[1 mark]**

______________________________________________

**0 7 . 3** According to the ticked answer, how do you know Rahul is sporty?

**[1 mark]**

______________________________________________

**0 7 . 4** According to the ticked answer, how do you know Rahul is determined?

**[1 mark]**

______________________________________________

4

**Turn over for Section B**

Do not write outside the box

## Section B

Questions and answers in **Bengali**.

Answer **all** questions in the spaces provided.

**0 8** **বেড়ানোর জায়গা**

সুনির্মল বসুর 'উস্রি নদী' গল্পের অংশবিশেষ তুমি পড়ছো।

গিরিডি শহরের একপ্রান্ত দিয়ে বয়ে চলেছে মাঝামাঝি আকারের পাহাড়ী উস্রি নদী। নদীর তীরে অসংখ্য শালগাছ। নদীর ওপারে কয়েকটি পাহাড়। নদীটি কিছুদূর গিয়ে একটা পাহাড় বেয়ে নীচে আছড়ে পড়ে একটি চমৎকার ঝরনার সৃষ্টি করেছে।

এই উস্রিকে আমরা বিচিত্র রূপেই দেখেছি। গ্রীষ্মে দেখেছি তার জলহীন শুকনো রূপ। একটি ক্ষীণ ধারা নিয়ে সাদা বালুরাশির মধ্য দিয়ে নদীটি নিজের অস্তিত্ব বজায় রেখেছে। তখন সেটা লাফিয়ে পার হওয়া যায়। কিন্তু বর্ষায় এই নদীতে নামে ঘোলা জলের ঢল। সেই জল ঘুরপাক খেতে খেতে ছুটে চলে দুর্বার গতিতে। এই সময় পারাপারের উপায় হলো তারের ঝোলা পুল। পারিশ্রমিকের বিনিময়ে দেহাতীরা লোকজনকে পারাপার করে। আরেকটি সংযোগ হচ্ছে শহর থেকে দূরে রেলের পুল। বছরের অন্যান্য সময় উস্রির তীরে ছোটো-বড়ো সবাই ঝরনা দেখতে আসে, রাতভর আনন্দ করে।

প্রতিটি বাক্সে ঠিক অক্ষরটি লেখো।

**0 8 . 1** উস্রি নদী বয়ে চলেছে...

| | |
|---|---|
| **A** | শহরের পাশ দিয়ে। |
| **B** | শহরের মধ্যে দিয়ে। |
| **C** | পাহাড়ের মধ্যে দিয়ে। |

☐

**[1 mark]**

**0 8 . 2** উস্রি ঝরনা হলো...

| | |
|---|---|
| **A** | কয়েকটি পাহাড়ের মধ্যে। |
| **B** | শালবনের মাঝামাঝি। |
| **C** | পাহাড়ের নীচে। |

☐

**[1 mark]**

*Do not write outside the box*

**0 8 . 3** নদীর ভয়াবহ রূপ দেখা যায়...

| | |
|---|---|
| **A** | গরমের সময় । |
| **B** | বর্ষার সময় । |
| **C** | বছরের অন্য সময় । |

**[1 mark]**

**0 8 . 4** বর্ষাকালে লোকজন নদী পার হয়...

| | |
|---|---|
| **A** | দেহাতীদের সাহায্যে ঝোলা পুল দিয়ে । |
| **B** | জলের ওপর দিয়ে লাফিয়ে লাফিয়ে । |
| **C** | বালুরাশির মধ্যে রেলের পুল দিয়ে । |

**[1 mark]**

4

**Turn over for the next question**

Do not write outside the box

**0 9** **স্কুলের কাজকর্ম**

স্কুলের কাজকর্ম সম্বন্ধে কয়েকজন ছেলেমেয়ের কথা তুমি বাংলা ব্লগে পড়ছো ।

| | |
|---|---|
| হেনা: | আগামী বছর আমি অনেক বই পড়বো । গত বছর আমি কম হোমওয়ার্ক করতাম । তবে এখন ভালোভাবে ইংরেজি শিখছি । |
| মাহমুদ: | প্রাইমারী স্কুলে থাকতে আমি বন্ধুদের সাথে শুধু খেলাধুলা করতাম । এখন আমাকে লেখাপড়ায় অনেক মনোযোগ দিতে হচ্ছে । তবে হোমওয়ার্কে সাহায্যের জন্য ভবিষ্যতে আমি বিভিন্ন ক্লাবে যোগ দেবো । |
| মিনি: | এ বছর আমি বেহালা শিখছি । আমি ভালো গাইতে পারতাম বলে ছোটোবেলায় একটা গানের স্কুলে গিয়েছিলাম । ভবিষ্যতে আমি গান শেখাবো । |

স্কুলের চারটি সঠিক কাজকর্ম লিখে নিচের টেবিলটি পূরণ করো ।

| | | আগে | এখন | পরে |
|---|---|---|---|---|
| উদাহরণ: | হেনা | হোমওয়ার্ক কম করতো | ইংরেজি ভালো করে শিখছে | বেশি করে বই পড়বে |
| | মাহমুদ | | লেখাপড়ায় বেশি করে মন দিচ্ছে | |
| | মিনি | গানের স্কুলে গিয়েছিলো | | |

**[4 marks]**

4

Do not write outside the box

**1 0** **বেড়াতে যাওয়া**

রিমির বেড়াতে যাওয়ার অভিজ্ঞতার কথা তুমি ব্লগে পড়ছো ।

স্কুলের ছুটিতে সাধারণত আমি পরিবারের সাথে বেড়াতে যাই । তবে এবছরের ছুটির পরিকল্পনাটা একেবারে ভিন্ন ছিলো । বাবা বললেন, আমার ষোলো বছর পূর্ণ হয়েছে তাই আমি বন্ধুদের সাথে বেড়াতে যেতে পারি । কথাটা শুনেই আমি খুশিতে উত্তেজিত হয়ে পড়লাম । জীবনে এই প্রথমবার বন্ধুদের সাথে ছুটি কাটাতে পারবো!

যাইহোক, আমি আর আমার দুইবন্ধু মিলে ঠিক করলাম প্যারিসের ডিজনীল্যান্ডে যাবো । অনলাইনেই ইউরো ষ্টারের টিকিট কাটলাম । ডিজনীল্যান্ডের কাছাকাছি আমার এক মামা থাকেন । কাজেই হোটেলে থাকা-খাওয়ার খরচ বাঁচিয়ে মামার বাড়িতেই সবাই মিলে উঠলাম । ডিজনীল্যান্ড অপূর্ব । ওখানে সব বয়সীদের জন্য আমোদপ্রমোদের সুযোগসুবিধা আছে । আমরা সেখানে বিভিন্ন রাইডে চড়লাম, নৌকা ভ্রমণ করলাম আর অনেক ছবি তুললাম । আনন্দ-ফুর্তিতে দিনগুলো বেশ কেটে গেলো ।

ফেরার দিনে মামা তাঁর গাড়িতে আমাদের স্টেশনে পৌছে দিলেন । দুর্ভাগ্যক্রমে পথের মধ্যে হঠাৎ এক যানজটে আটকে গেলাম । শেষমেশ যখন স্টেশনে পৌছলাম ততক্ষণে ট্রেন প্ল্যাটফর্ম ছেড়ে দিয়েছে!

**রিমি**

নিচের কোন **চারটি** তথ্য সঠিক? প্রতিটি বাক্সে ঠিক অক্ষরটি লেখো ।

| | |
|---|---|
| **A** | রিমি ছুটিতে বেশিরভাগ পরিবারের সাথে বেড়ায় । |
| **B** | এবারে সে বন্ধুদের সাথে বেড়াতে গেলো কারণ বাবার সময় নেই । |
| **C** | রিমি তার মামার গাড়িতে বন্ধুদের নিয়ে প্যারিসে গেলো । |
| **D** | সেখানে রিমি তার বন্ধুদের সাথে অনেক হৈচৈ করেছিলো । |
| **E** | ডিজনীল্যান্ডের কাছাকাছি রিমি ও তার বন্ধুরা একটা হোটেল ভাড়া করেছিলো । |
| **F** | ডিজনীল্যান্ডে ছেলে-বুড়া সবার জন্যই আনন্দ-ফুর্তির ব্যবস্থা আছে । |
| **G** | ফিরে আসার দিন মামার গাড়িটা রাস্তার মধ্যে আটকে গিয়েছিলো । |
| **H** | অবশেষে রিমি ও তার বন্ধুরা দৌড়ে এসে ট্রেনে বসতেই ট্রেন ছেড়ে দিলো । |

☐ ☐ ☐ ☐

**[4 marks]**

4

**Turn over ▶**

Do not write outside the box

**1 1** **উৎসব**

ফেইসবুকে উৎসব সম্বন্ধে তুমি কয়েকজন তরুণ-তরুণীর মতামত পড়ছো ।

নববর্ষের উৎসবে অনেক লোকের সমাগম হয়েছিলো । তারা নানা-রঙের পোশাক পরে নাচ-গানের শোভাযাত্রায় যোগ দিয়েছে । তবে বিভিন্ন আমোদপ্রমোদ উপভোগের জন্য টিকিটের দাম অনেক বেশি ছিলো । কিন্তু ভিড় একেবারেই কমেনি । শো-গুলোতেও একদম জায়গা ছিলো না ।

**মাশুক**

আমি এখানে এসেছিলাম আমার প্রিয় ব্যান্ডের স্টেজ শো দেখতে । শো'র পরে আমার প্রিয় ব্যান্ড শিল্পীর সাথে আলাপ করার জন্য প্রচণ্ড আগ্রহী হয়েছিলাম । এ ধরনের সুযোগতো বারবার আসে না!

**বাণী**

নববর্ষ উপলক্ষে একটি চলচ্চিত্র মেলারও আয়োজন করা হয়েছিলো । সত্তুরের দশকের মনমাতানো নাচে-গানে ভরপুর পুরনো ছায়াছবিগুলো বড়ো পর্দায় দিন ও রাতভর দেখানো হচ্ছিলো । আমার প্রিয় ছায়াছবিগুলো দেখার জন্য তাই বেশিরভাগ সময়টা আমি মেলায় কাটিয়েছি ।

**নাশিদ**

আমার এলাকার নদীতীরের প্রাকৃতিক সৌন্দর্য সত্যিই উপভোগ্য ছিলো । প্রমোদনৌকায় নদী ভ্রমণের সময় শহরের ঐতিহাসিক স্মৃতিসৌধটি আমার দারুণ ভালো লেগেছে । তাছাড়া, নদীর ধারে আমাদের ঐতিহ্যবাহী বিভিন্ন খাবারের স্বাদ-গ্রহণ করে আমি দিনটিকে উপভোগ করেছি ।

**ডলি**

**কে কোন বিষয়ে মতামত দিয়েছে? সঠিক নামটি বেছে নিয়ে বাংলায় সেই নামটি বাক্সে লেখো ।**

**1 1 . 1** জাঁকজমকপূর্ণ পথযাত্রা

**[1 mark]**

**1 1 . 2** রকমারী খাবার

**[1 mark]**

**1 1 . 3** নৌকাভ্রমণ

**[1 mark]**

Do not write outside the box

11.4 টিকিটের দাম

[1 mark]

11.5 প্রিয় ব্যক্তির সাথে সাক্ষাৎ

[1 mark]

11.6 চলচ্চিত্র মেলা

[1 mark]

6

**Turn over for Section C**

Do not write outside the box

## Section C

Translation into **English**.

**1 2** Your friend from a partner school in Bangladesh has sent this email. Your English friend has asked you to translate it for him into **English**.

তুমি কবে তোমার স্কুলের দলের সাথে বাংলাদেশে আসবে? তুমি কি আগে কখনো দেশের দক্ষিণ অঞ্চলে গিয়েছিলে? না গিয়ে থাকলে এ সম্বন্ধে চিন্তা করবে। আমি তোমার সাথে সমুদ্রে সাঁতরাবো আর পাহাড়ে উঠবো। আশেপাশের সবুজ গ্রামগুলোও তোমাকে ঘুরে দেখাবো। গ্রামের লোকজন সামুদ্রিক খাবার খায়। বিভিন্ন সামুদ্রিক মাছের তরকারি পরিবেশন করে তারা অতিথি আপ্যায়ন করে। তুমি এলে এখানকার চিংড়ির স্বাদ অবশ্যই নেবে।

**[9 marks]**

9

**END OF QUESTIONS**

*Do not write outside the box*

**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

Do not write outside the box

| Question number | **Additional page, if required.**<br>**Write the question numbers in the left-hand margin.** |
| --- | --- |
| | |

Do not write outside the box

| Question number | **Additional page, if required.<br>Write the question numbers in the left-hand margin.** |
|---|---|
| | |

*Do not write outside the box*

**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from www.aqa.org.uk.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2021 AQA and its licensors. All rights reserved.